# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd  iauins13@gmail.com

ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১৫৫/২০১৭/১৫৮৬২ তারিখ: ২৩ ভাদ্র-১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর-২০২৬

## অফিস আদেশ

কধুরখীল ইসলামিয়া ফাজিল মাদরাসা, বোয়ালখালী সদর, চট্টগ্রাম - এর ফাজিল (স্নাতক) পাস বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ০৮.০২.২০২৬ খ্রি. দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) পাস বিএ স্তরের নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ ঃ

১. মাদরাসার সকল শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি , উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে;
২. যুগোপযোগী মানব সম্পদ তৈরীর জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরীসহ পড়াশোনার জন্য অনুকুল পরিবেশ তৈরী করতে হবে যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;
৩. শিক্ষার মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের উন্নয়ন কল্পে শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সুনির্দিষ্ট বিষয়ের উপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করা;
৪. শিক্ষার্থীদের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অর্জনের নিমিত্ত একটি সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করতে হবে, যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;
৫. শ্রেণীকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ইংরেজী ভাষায় দক্ষ করে তুলতে হবে;
৬. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে;
৭. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৮. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসা সম্পর্কিত নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
৯. অধিভূক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।
১০. মাদরাসার ফুল গাছ লাগানো এবং শ্রেণীকক্ষ ও আঙ্গীনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
১১. প্রতি তিন মাস পরপর অভিভাবক সমাবেশ ও শিক্ষার্থীদের মোটিভেশনাল প্রোগ্রাম করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

০৭.০৯.২৬

(প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অ.দা.)
ও
মাদরাসা পরিদর্শক (অ.দা.)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ
কধুরখীল ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ পশ্চিম কধুরখীল, উপজেলাঃ বোয়ালখালী সদর, জেলাঃ চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১৫৫/২০১৭/১৫৮৬২ (৭) তারিখ: ২৩ ভাদ্র-১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর-২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর,গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, কধুরখীল ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ পশ্চিম কধুরখীল, বোয়ালখালী সদর, জেলাঃ চট্টগ্রাম।
৭. অফিস নথি।

০৭/০৯/২৬

(ছায়েদ আহম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২